



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-২১), ৮ রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।

ইউনিট ফান্ড ডিপার্টমেন্ট

বিষয়ঃ আইসিবি ইউনিট সার্টিফিকেট এর লভ্যাংশপত্র বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি।

আইসিবি-র ব্যবস্থাস্থানে পরিচালিত 'আইসিবি ইউনিট ফান্ড' এর ২০১৯-২০২০ অর্থবছর সমাপ্তিতে ৩০ জুন, ২০২০ তারিখে রেজিষ্টারভুক্ত সম্মানিত ইউনিট ধারকগণের জন্য ইউনিট প্রতি ৪০.০০ টাকা লভ্যাংশ ঘোষণা করা হয়েছে। প্রাপ্য লভ্যাংশ/লভ্যাংশপত্রসমূহ বিতরণ ও গ্রহণের নিমিত্ত নিম্নোক্ত বিষয়াদি (Subject Matter) সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে প্রদত্ত হলো:

- সম্মানিত ইউনিট ধারকগণ নিজে বা তাঁর মনোনীত প্রতিনিধিকে ক্ষমতা অর্পণপত্র (Authorization Letter) সহ ইউনিট ফান্ড ডিপার্টমেন্টের উপরোক্ত কার্যালয় হতে আগামী ২৫/০৮/২০২০ তারিখ হতে ১২/০৯/২০২০ তারিখ পর্যন্ত সকাল ১১:০০ ঘটিকা হতে বিকাল ৩:০০ ঘটিকার মধ্যে হাতে হাতে লভ্যাংশপত্র সংগ্রহের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।
- আইসিবি শাখা কার্যালয়সমূহ হতে ক্রয়কৃত ইউনিট ধারকগণ স্ব-স্ব শাখা কার্যালয় হতে লভ্যাংশপত্র গ্রহণ করতে পারবেন।
- আইসিবি মনোনীত সংশ্লিষ্ট ব্যাংক ও তাদের শাখা কার্যালয় হতে ক্রয়কৃত ইউনিট ধারকগণকে লভ্যাংশপত্র সংগ্রহের জন্য লিখিত আবেদনপত্রে ব্যাংকের স্ব-স্ব কার্যালয় হতে 'স্বাক্ষর' সত্যায়নপূর্বক আগামী ২৫/০৮/২০২০ তারিখ হতে ১২/০৯/২০২০ তারিখের মধ্যে আইসিবি ইউনিট ফান্ড ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, ঢাকা হতে লভ্যাংশপত্র সংগ্রহ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।
- আগামী ১২/০৯/২০২০ তারিখের পর অবিতরণকৃত লভ্যাংশপত্রসমূহ ইউনিট ধারকগণের প্রদত্ত ঠিকানায় রেজিষ্টার্ড এ/ডি যোগে প্রেরণ করা হবে।
- Online System এ আবেদনকৃত ইউনিট ধারকগণের প্রাপ্য লভ্যাংশ স্ব-স্ব ব্যাংক হিসাবে ০৯/০৮/২০২০ তারিখের মধ্যে প্রেরণ করা হবে। উল্লেখ্য যে, BEFTN অপসনভুক্ত আবেদনকারীগণ স্ব স্ব ই-মেইল এ আয়কর কর্তন সনদ নিম্নলিখিত ই-মেইলে মাধ্যমে আবেদনের জন্য অনুরোধ করা যাচ্ছে।
- আইসিবি ইউনিট ফান্ডের নগদ লভ্যাংশপত্র গ্রহণকারী এবং সিআইপি স্কীমের আওতাভুক্ত হোল্ডারদের আংশিক (Fractional) লভ্যাংশপত্র গ্রহণকারী ধারকগণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, প্রতিটি রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে পৃথক পৃথক BEFTN (Bangladesh Electronic Fund Transfer Network) আবেদন ফরম পূরণপূর্বক চেকের পাতার ফটোকপি সংযুক্ত করে লভ্যাংশপত্র গ্রহণের সময় জমা প্রদানের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। BEFTN ফরম আইসিবি'র website (www.icb.gov.bd) থেকে Download করা যাবে।



আব্দুস সালেক ভট্টা
সহকারী মহাব্যবস্থাপক
ইউনিট ফান্ড ডিপার্টমেন্ট

ফোনঃ ৪১০৫০৬০৪, ৯৫৬৩৯৮৯।

ইমেইল:- agm_ufund@icb.gov.bd